



সালমান মুক্তাদিরের শ্বশুরের ফুয়াং ক্লাবে এসআরবির অভিযান



ছবি: সংগৃহীত

ঢাকার তেজগাঁওয়ের ফুয়াং ক্লাব ও বারে অভিযান চালাচ্ছে স্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন (এসআরবি) ও শুদ্ধ গোয়েন্দা ও তদন্ত অধিদফতর। ক্লাবটির মালিক কনটেন্ট ক্রিয়েটর সালমান মুক্তাদিরের শ্বশুর শেখ নুর ইসলাম।

শনিবার (৩ অক্টোবর) বিকেল থেকে ক্লাবটিতে অভিযান শুরু হয়। অভিযান নিয়ে তাত্ক্ষণিকভাবে বিস্তারিত কোনো তথ্য জানা যায়নি।

এর আগে ২০১৯ সালে জুয়া ও ক্যাসিনো পরিচালনার অভিযোগে ফুয়াং ক্লাবে অভিযান চালিয়েছিল আইনশৃঙ্খলা বাহিনী।

এর আগে বৃহস্পতিবার (১ অক্টোবর) রাতে গুলশানে শেখ নুর ইসলামের মালিকানাধীন 'টস বন্ড প্রাইভেট লিমিটেড'-এ অভিযান চালানো হয়। বিদেশি কূটনীতিকদের শুদ্ধমুত্ত মদ ও বিয়ার সরবরাহকারী প্রতিষ্ঠানটিতে সফটওয়্যার জালিয়াতি এবং বিপুল পরিমাণ পণ্যের চালানে অনিয়মের তথ্য পাওয়ার পর এর চারটি গুদাম সিলগালা করে দেওয়া হয়।

LENS ASIA